



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ,
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৯০০০.০৪২.১৪.০৮০.২০২১.১৬৯০

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১


পরিপত্র

বিষয় : জেলা পরিষদের অধিক্ষেত্রে আন্তঃজেলা ফেরি/ খেয়াঘাট ইজারা প্রদানের পর কোন আইনগত কারণে সংশ্লিষ্ট ইজারাদারকে টোল আদায়ে বিরত রাখা হলে, উক্ত সময়ের জন্য ইজারাদারের অনুকূলে ক্ষতিপূরণ প্রদান।

জেলা পরিষদের অধিক্ষেত্রে কোন আন্তঃজেলা ফেরি/ খেয়াঘাট ইজারা প্রদান ও ইজারা মূল্য গ্রহণের পর কোন কারণে ইজারাদারকে যথাসময়ে ফেরি/ খেয়াঘাট হস্তান্তর করা সম্ভব না হলে অথবা হস্তান্তরের পর আইনগত কারণে সংশ্লিষ্ট ইজারাদার টোল আদায়ে বিরত থাকতে বাধ্য হলে, টোল আদায় হতে বিরত থাকাকালীন সময়ের জন্য, ক্ষতিপূরণ বাবদ মোট ইজারা মূল্যের আনুপাতিক হারে অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা যাবে।

২। জেলা পরিষদের মালিকানাধীন আন্তঃজেলা ফেরি/ খেয়াঘাট ইজারা প্রদানের লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত ইজারা কমিটি এ সংক্রান্ত ক্ষতিপূরণ বাবদ অর্থ নিরূপন করে বিভাগীয় কমিশনারের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব দাখিল করবে। স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে ক্ষতিপূরণ মূল্য সংশ্লিষ্ট ইজারাদারকে পরিশোধ করা যাবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.৯০০০.০৪২.১৪.০৮০.২০২১.১৬৯০/১(৫০০)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বিভাগ (সকল)।
৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগ (সকল)।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা (সকল)।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা (সকল)।
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।]


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব